



Ahmadiyya Muslim Jamaat
INTERNATIONAL

আহমদীয়া মুসলিম সম্প্রদায়ের প্রধানের হল্যাণ্ডে আগমন হযরত মির্যা মসরুর আহমদ (আই.) নুনস্পীটে স্থানীয় মেয়র কর্তৃক সাদরে সমাদৃত

নিখিল বিশ্ব আহমদীয়া মুসলিম সম্প্রদায়ের প্রধান, পঞ্চম খলিফা হযরত মির্যা মসরুর আহমদ (আই.) ৪ঠা অক্টোবর হল্যাণ্ডের নুনস্পীটে অবস্থিত বায়তুন নূর মসজিদে আগমন করেন।

হযুর সড়কপথে লন্ডন থেকে যাত্রা করে ফ্রান্সে পৌঁছলে হল্যাণ্ডের আহমদীয়া মুসলিম জামাতের ন্যাশনাল প্রেসিডেন্ট জনাব হিব্বাতুন নূর সাহেব তাকে সাদর সম্ভাষণ জানান এবং পরবর্তীতে জামাতের অন্যান্য কর্মকর্তাবৃন্দের সাহচর্যে হযুর হল্যাণ্ড পৌঁছান।



হযুর স্থানীয় সময় রাত ৮.৩৫ মিনিটে মসজিদে পৌঁছালে নুনস্পীটে স্থানীয় মেয়র মাননীয় ডিক ভ্যান হেমন সাহেব তাকে স্বাগত জানান এবং সেখানে উপস্থিত শত শত আহমদী পুরুষ, নারী এবং শিশুরা পুনরায় তাদের আধ্যাত্মিক নেতার সাথে মিলিত হয়ে আনন্দে অভিভূত হয়ে পড়েন।



নুনস্পীট কমপ্লেক্সে বায়তুন নূর মসজিদ পুনঃনির্মাণের পর সেখানে প্রথমবারের মত হুযুরের আগমনে তার পরিচালনায় মাগরিব এবং ইশার নামায অনুষ্ঠিত হয়।

সফরকালে হুযুর স্থানীয় ও বিদেশী সংসদ সদস্য ও বিশিষ্ট ব্যক্তিবর্গের উপস্থিতিতে হল্যান্ডের জাতীয় সংসদে বক্তব্য উপস্থাপন করবেন। এছাড়া হল্যান্ডে অবস্থানকালীন সময়ে সম্মানিত হুযুর (আই.) কিছু আনুষ্ঠানিক সাক্ষাতে এবং মিডিয়া সাক্ষাৎকারে অংশগ্রহণ করবেন।